জেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট
www.zplalmonirhat.gov.bd

নম্বর- ৪৬. ৪২. ৫২০০. ০০৪. ২৭. ০০১. ২৫- ১০০৮

তারিখঃ ০২ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ
১৭ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ শাহাদাত হোসেন সোহাগ, শিক্ষানবিস নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক, জেলা পরিষদ, লালমনিরহাট জেলা পরিষদের মালিকানাধীন মার্কেটের দোকানঘরের ভাড়া বাবদ ২, ৪৪, ৫০০/- (দুই লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচ শত) টাকা যথাসময়ে জেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা প্রদান না করে ভুয়া চালান লিখে ব্যাংকের নকল সীল তৈরি করে ব্যাংকের পক্ষে নিজেই ভুয়া স্বাক্ষর দিয়ে সমুদয় অর্থ নিজের কাছে রেখে দেন যা পরবর্তীতে ২০২৪-২০২৫ অর্থ বছরের ক্যাশ বুক সমন্বয়ের সময় জুন'২৫ মাসে কর্তৃপক্ষের দৃষ্টিতে আসে এবং প্রাথমিক জিজ্ঞাসাবাদে তিনি তা মৌখিকভাবে স্বীকার করেন; এবং

২। যেহেতু, জনাব মোঃ শাহাদাত হোসেন সোহাগ ২০২৪-২০২৫ অর্থবছরের দরপত্র বিজ্ঞপ্তি নং ০১/২০২৪-২০২৫ এর দরপত্র বিক্রয় কার্যক্রম শেষে জেলা পরিষদ কার্যালয় হতে বিক্রিত দরপত্রসমূহের মোট বিক্রয়মূল্য ২, ১৭, ৫০০/- (দুই লক্ষ সতের হাজার পাঁচ শত) টাকা জেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা প্রদান না করে মাত্র ১, ৮৩, ০০০/- (এক লক্ষ তিরাশি হাজার) টাকা জমা প্রদান করেন এবং অবশিষ্ট ৩৪, ৫০০/- (চৌত্রিশ হাজার পাঁচ শত) টাকা (২, ১৭, ৫০০/- - ১, ৮৩, ০০০/- = ৩৪, ৫০০/-) যথাসময়ে জমা প্রদান না করে নিজের কাছে রেখে দেন; এবং

৩। যেহেতু, জনাব মোঃ শাহাদাত হোসেন সোহাগ-এর বিরুদ্ধে স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ এর ৩৭(১)(গ), ৩৭(২)(ক), ৩৮(ক), ৩৮(খ), ৩৮(ঘ) ও ৩৮(চ) নং বিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে সততা, নিষ্ঠার ঘাটতি; পরিষদের স্বার্থের পরিপন্থী কার্যকলাপে জড়িত; দায়িত্ব পালনে অবহেলা; অসদাচরণের দায়ে দোষী; অদক্ষতা এবং চুরি, আত্মসাৎ, তহবিল তসরুপ বা প্রতারণার অভিযোগে বিভাগীয় মামলার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে তাকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয় এবং আত্মপক্ষ সমর্থনে তিনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণে আগ্রহী কিনা তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়; এবং

৪। যেহেতু, জনাব মোঃ শাহাদাত হোসেন সোহাগ ব্যক্তিগত শুনানিতে আপত্তি নেই উল্লেখ করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে দেয়া তার লিখিত বক্তব্য ও অভিযোগনামার প্রেক্ষিতে দাখিলকৃত জবাবের মধ্যে অসামঞ্জস্যতা পরিলক্ষিত হয় যা গ্রহণযোগ্য ও সন্তোষজনক না হওয়ায় স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ এর ৪২ (২) (গ) নং বিধি মোতাবেক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৫। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী জনাব মোঃ শাহাদাত হোসেন সোহাগ-এর বিরুদ্ধে স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ এর ৩৭(১)(গ), ৩৭(২)(ক), ৩৮(ক), ৩৮(খ), ৩৮(ঘ) ও ৩৮(চ) নং বিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে সততা, নিষ্ঠার ঘাটতি; পরিষদের স্বার্থের পরিপন্থী কার্যকলাপে জড়িত; দায়িত্ব পালনে অবহেলা; অসদাচরণের দায়ে দোষী; অদক্ষতা এবং আত্মসাৎ, তহবিল তসরুপ বা প্রতারণার অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৩৯(১)(খ)(ঈ) মোতাবেক "চাকুরী হতে বরখাস্তকরণ" সূচক গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয় এবং সে পরিপ্রেক্ষিতে একই বিধিমালার ৪২ (৬) বিধি মোতাবেক কেন তাকে জেলা পরিষদ, লালমনিরহাটের "চাকুরী হতে বরখাস্তকরণ" সূচক গুরুদণ্ড প্রদান করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হলে তিনি নির্দিষ্ট সময়ের মধ্যে জবাব দাখিল করেন; এবং

CamScanner

৬। যেহেতু, অভিযুক্ত কর্তৃক দাখিলকৃত প্রথম কারণ দর্শানোর জবাব, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, অভিযুক্তের দ্বিতীয় কারণ দর্শানোর জবাব, পারিপার্শ্বিকতা এবং বিভাগীয় মামলার নথি পর্যালোচনান্তে তার বিরুদ্ধে স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ এর ৩৭(১)(গ), ৩৭(২)(ক), ৩৮(ক), ৩৮(খ), ৩৮(ঘ) ও ৩৮(চ) নং বিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে সততা, নিষ্ঠার ঘাটতি; পরিষদের স্বার্থের পরিপন্থী কার্যকলাপে জড়িত; দায়িত্ব পালনে অবহেলা; অসদাচরণের দায়ে দোষী; অদক্ষতা এবং আত্মসাৎ, তহবিল তসরুপ বা প্রতারণার অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার বিধি ৩৯(১)(খ)(ঈ) মোতাবেক জেলা পরিষদ, লালমনিরহাটের "চাকুরী হতে বরখাস্তকরণ" সূচক গুরুদণ্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয় এবং একই বিধিমালার বিধি ৩৯(১)(খ)(ঈ) অনুযায়ী "চাকুরী হতে বরখাস্তকরণ" সূচক গুরুদণ্ড প্রদানের বিষয়টি নভেম্বর' ২০২৫ মাসের জেলা পরিষদ, লালমনিরহাটের মাসিক সভায় অনুমোদিত হয়েছে;

৭। সেহেতু, জনাব মোঃ শাহাদাত হোসেন সোহাগ, শিক্ষানবিস নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক, জেলা পরিষদ, লালমনিরহাট-এর বিরুদ্ধে স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ এর ৩৭(১)(গ), ৩৭(২)(ক), ৩৮(ক), ৩৮(খ), ৩৮(ঘ) ও ৩৮(চ) নং বিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে সততা, নিষ্ঠার ঘাটতি; পরিষদের স্বার্থের পরিপন্থী কার্যকলাপে জড়িত; দায়িত্ব পালনে অবহেলা; অসদাচরণের দায়ে দোষী; অদক্ষতা এবং আত্মসাৎ, তহবিল তসরুপ বা প্রতারণার অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৩৯(১)(খ)(ঈ) অনুযায়ী তাকে "চাকুরী হতে বরখাস্তকরণ" সূচক গুরুদণ্ড প্রদান করা হলো।

৮। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

17/11/25

(মোঃ ফিরোজ হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, লালমনিরহাট
ইমেইলঃ zplalmonirhat@lgd.gov.bd
মোবাইলঃ ০১৩১৭৪৭৭৮৪৮

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৪। প্রশাসক, জেলা পরিষদ, লালমনিরহাট।
৫। হিসাব রক্ষক, জেলা পরিষদ, লালমনিরহাট।
৬। জনাব মোঃ শাহাদাত হোসেন সোহাগ, শিক্ষানবিস নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক, জেলা পরিষদ, লালমনিরহাট (স্থায়ী ঠিকানাঃ পিতাঃ মোঃ ফরিদুল ইসলাম, গ্রামঃ নিথক, ডাকঘরঃ গোড়ল, উপজেলাঃ কালীগঞ্জ, জেলাঃ লালমনিরহাট)।
৭। .............................................................।
৮। অফিস কপি।

17/11/25

(মোঃ ফিরোজ হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, লালমনিরহাট

CS CamScanner